

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৬৪১.১৯ নথির বিষয়: স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।

নোট: ৫ নোটের বিষয়: ঢাকা ওয়াসায় কর্মরতদের জন্য “স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত”-শীর্ষক ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।

অনুচ্ছেদ ৫.০ - তারিখ: ১৮/৯/২৩ ২:৪৬ অপরাহ্ন

বিবেচ্য বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ অর্থ বছরের প্রণীত ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত”-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা এবং উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা এর মধ্য স্বাক্ষরের জন্য প্রস্তাবিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) তে “স্ব-নির্ধারনী আয়কর রিটার্ন প্রস্তুত”-শীর্ষক ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য আয়করের আওতাভুক্ত প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কর্মশালায় ২০ জন হিসেবে ৬০ জন এবং চতুর্থ ও পঞ্চম কর্মশালায় ২৫ জন হিসেবে ৫০ জন সর্বমোট ১১০ (একশত দশ) জন কর্মকর্তা/কর্মচারীদের আমন্ত্রণ জানানো হবে। কর্মকর্তা/কর্মচারীগণ যাতে আয়করের নিয়মকানুন, বিধিবিধান সম্পর্কে জ্ঞান লাভ এবং নিজেই নিজের রিটার্ন ফরম পূরণ করতে পারেন সে নিরীখে কর্মশালার প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালার প্রথম ব্যাচ ০১.১০.২২ তারিখ, দ্বিতীয় ব্যাচ ০২.১০.২২ তারিখ, তৃতীয় ব্যাচ ০৩.১০.২২, চতুর্থ ব্যাচ ০৮.১০.২২ এবং পঞ্চম ব্যাচ ০৯.১০.২২ তারিখ সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় ব্যাচের প্রত্যেকটিতে ২০ (বিশ) জন করে ৬০ (ষাট) জন (গ্রেড ৯ থেকে তদুর্ধ্ব পর্যায়ের) এবং চতুর্থ ও পঞ্চম ব্যাচে ২৫ (বিশ) জন করে ৫০ (চল্লিশ) জন (গ্রেড ১০ এবং তদনিম্ন পর্যায়ের) অর্থাৎ ০৫ প্রশিক্ষণ কর্মশালায় সর্বমোট ১১০ (একশত দশ) জন অংশগ্রহণকারীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। পূর্ণদিবসব্যাপী উক্ত ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কর্মশালার প্রত্যেকটিতে ঢাকা ওয়াসার নিম্নবর্ণিত ০২ (দুই) জন কর্মকর্তা বক্তা হিসেবে সেশন পরিচালনা করবেন:

০১। জনাব মোঃ আক্তারুজ্জামান, উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) ও উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অঃদাঃ), ঢাকা ওয়াসা

০২। জনাব মোঃ সালেকুর রহমান, উপ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা।

উল্লেখ্য, জনাব মোঃ সালেকুর রহমান, উপ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ডের একজন নিবন্ধিত Income-Tax Practitioner.

সংযুক্তিসমূহ (২):

১। Programme for Dnothi.pdf

২। PPS List for Dnothi.pdf

অনুচ্ছেদ ৫.১ - তারিখ: ১৮/৯/২৩ ২:৪৭ অপরাহ্ন

পূর্ণদিবসব্যাপী উক্ত ০৫ (পাঁচ) টি প্রশিক্ষণ কর্মশালা সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপ:

(ক) বক্তার সম্মানী	৩২,৫০০/-	(১ সেশন ২০০০/- টাকা+ ৩ সেশন ১৫০০/- টাকা হারে×৫ টি কোর্স)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৫০,০০০/-	(গ্রেড ৯ থেকে তদুর্ধ্ব পর্যায়ের ৩ কোর্সের ৬০ জন ৫০০/- টাকা হারে+ গ্রেড ১০ এবং তদনিম্ন পর্যায়ের ২ কোর্সের ৫০ জন ৪০০/- হারে)
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার	৭৭,০০০/-	(বক্তা ও স্টাফসহ ২৮ জন ৫৫০/- টাকা হারে×৫ টি কোর্স)
(ঘ) পানি	৩,০০০/-	(আধা লিটার ৫ কেস ১২০/- টাকা হারে×৫ টি কোর্স)


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

(ঙ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৪১,৮০০/-	(৫ কোর্সের জন্য ১১০ সেট ৩৮০/- টাকা হারে)
(চ) ফটোকপি ও বিবিধ	১০,০০০/-	৫ কোর্সের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,১৪,৩০০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ চৌদ্দ হাজার তিনশত মাত্র)

অনুচ্ছেদ ৫.২ - তারিখঃ ১৮/৯/২৩ ২:৪৮ অপরাহ্ন

এমতাবস্থায়, ০৫ (পাঁচ) কোর্সের ১১০ (একশত দশ) জন অংশগ্রহনকারীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মশালার প্রোগ্রাম, প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,১৪,৩০০/- (টাকা দুই লক্ষ চৌদ্দ হাজার তিনশত মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ কর্মশালা সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



১৮/৯/২৩ ৩:১২ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



১৮/৯/২৩ ৩:১৭ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



১৯/৯/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন
মোঃ আব্দুল করিম
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১৯/৯/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ৫.৩ - তারিখঃ ১৯/৯/২৩ ৯:০৫ অপরাহ্ন


Okay



১৯/৯/২৩ ৯:০৫ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



২০/৯/২৩ ১০:২১ পূর্বাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২০/৯/২৩ ২:২৬ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা